

সাত দফা দাবি লেদার ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটের শিক্ষার্থীদের মানববন্ধন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

দক্ষ প্রশাসক ও প্রয়োজনীয় শিক্ষক নিয়োগ, উচ্চতর গবেষণা প্রকল্প চালু, যত্রপাতি মেরামতসহ সাত দফা দাবি জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউটের শিক্ষার্থীরা। গতকাল সোমবার হাজারীবাগে অবস্থিত এই ইনস্টিটিউটের প্রধান ফটকের সামনে মানববন্ধনে তাঁরা এসব দাবি জানান।

শিক্ষার্থীদের অন্য দাবিগুলো হলো শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা, ছাত্রীদের হল চালু করা, পরিচ্ছন্ন ক্যানটিন, ওয়াই-ফাই প্রযুক্তির ব্যবস্থা ও পরিবহনসংকট নিরসন। 'লেদার ইনস্টিটিউটের ছাত্র-ছাত্রীবৃন্দ' ও 'লেদার ইঞ্জিনিয়ার্স অ্যান্ড টেকনোলজিস্টস সোসাইটি-

মানববন্ধন হয়। এ সময় শিক্ষার্থীরা 'কলেজের শিক্ষক চাই না', 'শিক্ষক নিয়োগ চাই', 'শেখ হাসিনার দুই নয়ন, ইনস্টিটিউটের উন্নয়ন' এসব লেখাসংবলিত প্ল্যাকার্ড ব্যবহার করেন।

লেদার ইনস্টিটিউটের শিক্ষার্থী কৌশিক বর্ষ শ্রম আলোকে বলেন, ২০১১-১২ শিক্ষাবর্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে এখানে শিক্ষার্থী ভর্তি করা হলেও এখন পর্যন্ত কোনো উন্নয়ন হয়নি। শতকোটি টাকার অত্যাধুনিক যত্রপাতি বহু বছর ধরে বিকল হয়ে পড়ে আছে। এগুলো মেরামত ও সচল করে এবং শিক্ষকদের প্রশিক্ষণ দিয়ে বিভিন্ন ল্যাব ও ওয়ার্কশপ থেকে প্রচুর রাজস্ব আয় করা সম্ভব। কয়েক বছর ধরেই শিক্ষার্থীরা প্রশাসনকে বিভিন্ন দাবি জানিয়ে এলেও

কিছু হুঁচকি লাগে।